



জীবনের জন্য বিজ্ঞান




গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়

বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদ (বিসিএসআইআর)

নিরাপত্তা শাখা

www.bcsir.gov.bd



“শেখ হাসিনার দর্শন, সব মানুষের উন্নয়ন”

নথি: ৩৯.৩১১.০৩৪.০০.০০.১২৬.২০১৩/৯৯

তারিখ: ২৪.০৭.২০২৩

বিষয়ঃ বিসিএসআইআর-এর আবাসিক এলাকায় অবসর প্রাপ্ত বিজ্ঞানী, কর্মকর্তা ও কর্মচারীগণের সন্তান এবং বহিরাগতদের প্রবেশ নিরুৎসাহিত করণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিসিএসআইআর একটি ১ম শ্রেণীর কেপিআই। বিসিএসআইআর-এ কর্মরতদের বসবাসের জন্য ধানমন্ডি ক্যাম্পাসে আবাসিক এলাকায় বসবাসকারী এলোটিগণ এবং তাদের সন্তানরা বিকাল বেলায় স্কুলের পকেট গেইট ও আবাসিক এলাকার গেইটে কর্তব্যরত নিরাপত্তাকর্মীর নিকট ক্লাসমেট/বন্ধু/আত্মীয় পরিচয় দিয়ে আবাসিক এলাকায় সাথে নিয়ে প্রবেশ করতঃ খেলার মাঠে খেলাধুলা করে। উল্লিখিত প্রবেশকারীগণ খেলার মাঠ ছাড়াও স্কুলের রাস্তা ও অফিসার্স ক্লাবের সামনের রাস্তা ব্যবহার করে আইটিআই ও প্রকৌশল বিভাগের ইলেক্ট্রিক্যাল সেকশনে অতি সহজে প্রবেশ করে নাশকতামূলক কর্মকান্ডসহ যে কোনো ধরনের অনাকাঙ্ক্ষিত ঘটনার সূত্রপাত ঘটানোর সম্ভাবনা রয়েছে। এছাড়া মাঝে মাঝে দেখা যায় যে, এলোটিদের সন্তানরা বাহিরের ক্লাব/সংস্থার সাথে ধানমন্ডি আবাসিক এলাকার খেলার মাঠে বিভিন্ন ধরনের টুর্নামেন্টের আয়োজন করে থাকে, যা বিসিএসআইআর ও আবাসিক এলাকার নিরাপত্তার জন্য হুমকি স্বরূপ। গত ১৬.০৭.২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য ২৯১-তম মাসিক সমন্বয় সভায় নিরাপত্তা বিষয়ক আলোচনায় বিসিএসআইআর-এর ধানমন্ডিস্থ অফিস ও আবাসিক এলাকার সার্বিক নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করার লক্ষ্যে অবসর প্রাপ্তদের সন্তান/বহিরাগতদের আবাসিক এলাকায় প্রবেশ নিরুৎসাহিত করণসহ বাহিরের ক্লাব/সংস্থার সহিত আবাসিক এলাকার খেলার মাঠে যে কোন ধরনের টুর্নামেন্ট না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। একইসাথে রাত ১০.০০ ঘটিকার পর আবাসিক এলাকায় বসবাসরত কারো ছেলে-মেয়েরা মাঠে বসে আড্ডা না দেয়ার বিষয়ে সভায় সিদ্ধান্ত হয়।

২। বর্ণিতাবস্থায়, গবেষণা সংস্থা বিসিএসআইআর-এর ধানমন্ডিস্থ অফিস ও আবাসিক এলাকার সার্বিক নিরাপত্তার স্বার্থে উক্ত আবাসিক এলাকার গেইট দিয়ে অবসর প্রাপ্ত বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারীগণের সন্তান এবং বহিরাগতদের প্রবেশ নিরুৎসাহিত করণসহ বাহিরের ক্লাব/সংস্থার সাথে আবাসিক এলাকার খেলার মাঠে যে কোন ধরনের টুর্নামেন্ট না করা এবং রাত ১০.০০ ঘটিকার পর আবাসিক এলাকায় বসবাসরত কারো ছেলে-মেয়ে মাঠে বা রাস্তার বেঞ্চে বসে আড্ডা না দেয়ার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(Handwritten signature)
২৪.০৭.২০২৩

(শাহ আবদুল তারিক)
সচিব

বিতরণ: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা।
- ২। পরিচালক (ভারপ্রাপ্ত), বিসিএসআইআর চট্টগ্রাম গবেষণাগার, বিসিএসআইআর রাজশাহী গবেষণাগার/ আইজিসিআরটি/ আইএমএমএম/পিপিএন্ডপিডিসি/বিটিআরআই/আইএফএসটি/আইইআরডি/পিএন্ডডি/আইএনএআরএস।
- ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, চামড়া গবেষণা ইনস্টিটিউট/আইটিটিআই/অ্যানালাইটিক্যাল সার্বিস সেল, বিসিএসআইআর, ঢাকা।
- ৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, সেন্ট্রাল এ্যানালাইটিক্যাল এন্ড রিসার্চ ফেসিলিটিস (সিএআরএফ), বিসিএসআইআর, ঢাকা।
- ৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বিসিএসআইআর, ঢাকা।
- ৬। গবেষণা সমন্বয়কারী, বিসিএসআইআর, ঢাকা।
- ৭। প্রিন্সিপাল লাইব্রেরিয়ান, বিসিএসআইআর, ঢাকা।
- ৮। পরিচালক (অর্থ ও হিসাব), বিসিএসআইআর, ঢাকা।
- ৯। সভাপতি, বিজ্ঞানী সংঘ/অফিসার এসোসিয়েশন/কর্মচারী ইউনিয়ন, বিসিএসআইআর, ঢাকা।
- ১০। সভাপতি, বিসিএসআইআর, স্টাফ ওয়েলফেয়ার কমিটি, ধানমন্ডি, ঢাকা (সকল এলোটিদেরকে বিষয়টি জানানোর অনুরোধসহ)।
- ১১। উপ-পরিচালক (প্রশাসন)-১/২ বিসিএসআইআর, ঢাকা।
- ১২। উপ-পরিচালক (হিসাব ও নিরীক্ষা), বিসিএসআইআর, ঢাকা।
- ১৩। উপ-পরিচালক (অর্থ ও বাজেট), বিসিএসআইআর, ঢাকা।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

ড. কুদরত-ই-খুদা সড়ক, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ।

Dr. Quadrat-I-Khuda Road, Dhanmondi, Dhaka-1205, Bangladesh.

Phone: Secretary-58610717 FAX: 58613077 E-mail: secretary@bcsir@gmail.com

১৪। সিনিয়র ইন্ডাস্ট্রিয়াল লিয়াজেঁ অফিসার, গবেষণা ও উন্নয়ন বিভাগ, বিসিএসআইআর, ঢাকা।

১৫। জনসংযোগ কর্মকর্তা, বিসিএসআইআর, ঢাকা।

১৬। জনাব খালেদুন নাহার বেবী, সিনিয়র সাইন্টিফিক অফিসার, বিসিএসআইআর গবেষণাগার, ঢাকা (ওয়েব সাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো)।

১৭। সম্পাদক, বিসিএসআইআর, ঢাকা।

১৮। সহকারী পরিচালক, সংস্থাপন-১,২,৩,৪, সেবা শাখা, পেনশন, নিরীক্ষা, হিসাব, বিসিএসআইআর, ঢাকা।

১৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, জিপিএফ শাখা/বাজেট শাখা/অর্থ, বিসিএসআইআর, ঢাকা।

২০। মেডিক্যাল অফিসার, বিসিএসআইআর, ঢাকা।

২১। একান্ত সচিব, চেয়ারম্যান, বিসিএসআইআর, ঢাকা। চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।

২২। সহকারী নিরাপত্তা কর্মকর্তা, বিসিএসআইআর সচিবালয়, ঢাকা।

২৩। আনসার কমান্ডার, বিসিএসআইআর, ঢাকা।

২৪। একান্ত সহকারী, সদস্য (উন্নয়ন)/(প্রশাসন)/(অর্থ)/(বিজ্ঞান ও প্রযুক্তি)/(সচিব), বিসিএসআইআর, ঢাকা (সদস্য ও সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)